

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
ক্ষেতলাল, জয়পুরহাট।
khetlal@dvd.gov.bd

স্মারক নং-৩৪.০১.৩৮০০.০৬১.৩৮.১৪৩.২২- ২৪০

তারিখ : ১৬/০৮/২০২২খ্রিঃ।

বিষয় : বেকার যুবদের আত্মনির্ভরশীল হতে ফ্রিল্যান্সিং বিষয়ক দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের ভর্তি বিজ্ঞপ্তি।


সূত্র: ০৫.৪৩.৩৮৬১.০০০.০২.০১০.২১-৮০৯, তারিখ: ০৪-০৮-২০২২ খ্রিঃ।

এতদ্বারা উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট এর উদ্যোগে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ক্ষেতলাল কর্তৃক কর্মসূচি বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে 'বেকার যুবদের আত্মনির্ভরশীল হতে ফ্রিল্যান্সিং বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ' শুরু হতে যাচ্ছে। উপজেলার ১৮-৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব নারীদের মধ্যে 'ফ্রিল্যান্সিং বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ' এর মাধ্যমে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হতে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক নির্ধারিত ফরমে লিখিত আবেদন বা দরখাস্ত আহবান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম)	দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও সময়
বেকার যুবদের আত্মনির্ভরশীল হতে ফ্রিল্যান্সিং বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ	২২ (বাইশ) কার্যদিবস (প্রশিক্ষণের তারিখ: ২৫-০৮-২০২২ হতে ২৫-০৯-২০২২খ্রিঃ পর্যন্ত)	২০ জন যুবক ও যুব নারী	এসএসসি বা সমমানের পাশ	২৩/০৮/২০২২খ্রিঃ (অফিস চলাকালীন সময়ে)	২৪/০৮/২০২২খ্রিঃ তারিখ বেলা-৩:০০ ঘটিকায়

শর্তাবলী :

- ০১। আগ্রহী যুবক ও যুব নারীর বয়স ১৮ থেকে ৩৫ বৎসর ও প্রকৃত বেকার হতে হবে এবং ক্ষেতলাল উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। যুবদের শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এসএসসি বা সমমানের পাশ হতে হবে।
- ০৩। যুব সংগঠন কর্তৃক মনোনিত প্রার্থীদের (একজনের অধিক নয়) প্রশিক্ষণে অগ্রাধিকার দেওয়া হবে। তবে এ ক্ষেত্রে যুব সংগঠনের প্যাডে সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত প্রত্যয়ন অবশ্যই জমা দিতে হবে।
- ০৪। আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ক্ষেতলাল, জয়পুরহাট হতে বিনামূল্যে পাওয়া যাবে।
- ০৫। নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্তে নাম (বাংলা ও ইংরেজি), পিতার নাম (বাংলা ও ইংরেজি), মাতার নাম (বাংলা ও ইংরেজি), জন্মতারিখ, বিজ্ঞপ্তির তারিখে প্রকৃত বয়স, জাতীয় পরিচয়পত্র বা জন্ম সনদপত্র, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, মোবাইল নম্বর প্রভৃতি উল্লেখ থাকতে হবে।
- ০৬। আবেদনপত্রের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (খ) জাতীয় পরিচয় পত্র বা জন্ম সনদের সত্যায়িত কপি (গ) মেয়র বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র (ঘ) পাসপোর্ট সাইজের দুটি সত্যায়িত ছবিসহ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ক্ষেতলাল, জয়পুরহাট এর নিকট উল্লেখিত তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।
- ০৭। প্রশিক্ষণার্থীদের অবশ্যই সকল নিয়ম-শৃঙ্খলা, স্বাস্থ্যবিধি মেনে ও মাস্ক পরিধান করে প্রশিক্ষণে অংশ নিতে হবে।
- ০৮। আগামী ২৪/০৮/২০২২খ্রিঃ তারিখ বেলা ৩:০০ ঘটিকায় উপজেলা পরিষদ কনফারেন্স রুম (২য় তলা), ক্ষেতলাল, জয়পুরহাট-এ সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় আবেদনের সঙ্গে দাখিলকৃত সকল সনদের মূলকপি সঙ্গে আনতে হবে এবং অবশ্যই মাস্ক পরিধান করে আসতে হবে।
- ০৯। ভর্তির ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। মনোনিত প্রশিক্ষণার্থীরা দৈনিক ভাতা প্রাপ্য হবেন। তবে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে বাধ্যতামূলকভাবে প্রতিদিন যথাসময়ে ক্লাসে উপস্থিত থাকতে হবে।


২৬/০৮/২০২২

(মো: মনিরুজ্জামান খান)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ক্ষেতলাল, জয়পুরহাট।

ই-মেইল : ydokhetlal@gmail.com

মোবাইল: ০১৭১৬১২০৬৪০/০১৭৮৯৫৪১০০৪

স্মারক নং-৩৪.০১.৩৮০০.০৬১.৩৮.১৪৩.২২- ২৪০

তারিখ : ১৬/০৮/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য :

০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট।

০২। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট।

০৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা/উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা সমাজসেবা কর্মকর্তা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ক্ষেতলাল, জয়পুরহাট।


০৫। ইউডিএফ, ক্ষেতলাল, জয়পুরহাট।

০৬। মেয়র/চেয়ারম্যান -----পৌরসভা/ইউনিয়ন পরিষদ, ক্ষেতলাল, জয়পুরহাট (সকল)।

০৭। যুব সংগঠন ----- ক্ষেতলাল, জয়পুরহাট (সকল)।

০৮। নোটিশ বোর্ড।

০৯। অফিস কপি।


১৬/০৮/২০২২
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ক্ষেতলাল, জয়পুরহাট।

ই-মেইল : ydokhetlal@gmail.com
মোবাইল: ০১৭১৬১২০৬৪০/০১৭৮৯৫৪১০০৪